



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.০২৭.৪২৩.১৫-২০০

তারিখ: ০৮ চৈত্র ১৪২৭।
২২ মার্চ ২০২১।

কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব রিয়াজউদ্দিন আমশ্বেদ-এর বিরুদ্ধে ২০১৯ সালে নির্বাচনের সময় দাখিলকৃত মনোনয়নপত্রে ভুল TIN (Taxpayers Identification Number) ব্যবহারের অভিযোগের বিষয়ে জেলা প্রশাসক, পিরোজপুর-এর তদন্তে প্রাথমিক সত্যতা পাওয়া গেছে এবং উক্ত বিষয়ে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করেছেন;

যেহেতু, বর্ণিত অভিযোগটি উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারার অপরাধের শামিল;

সেহেতু, আপনার বিরুদ্ধে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারায় কার্যক্রম গ্রহণ করার বাধ্যবাধকতা রয়েছে;

এ অবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারার অপরাধে আপনার বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তা একই আইনের ১৩(২) ধারা অনুযায়ী পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করতে নির্দেশ প্রদান করা হলো। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানীতে ইচ্ছুক কিনা তা জানানোর জন্য অনুরোধ করা হলো।

২২/০৩/২০২১
মমতাজ বেগম

সিনিয়র সহকারী সচিব
স্থানীয় সরকার বিভাগ

জনাব রিয়াজউদ্দিন আমশ্বেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মঠবাড়িয়া, পিরোজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ০১। বিভাগীয় কমিশনার, বরিশাল।
- ০২। জেলা প্রশাসক, পিরোজপুর।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়িয়া, পিরোজপুর (নোটিশটি সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট প্রেরণপূর্বক প্রাপ্তি স্বীকার প্রেরণের অনুরোধসহ)।
- ০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মঠবাড়িয়া, পিরোজপুর।
- ০৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (নোটিশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।